



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা সমবায় কার্যালয়
ময়মনসিংহ।
coop.mymensingh.gov.bd



আদেশ নং: ৮৫০

তারিখ: ২৬/০১/২০২৪ খ্রি:

নিবন্ধন বাতিল আদেশ

বিজনেস কেয়ার ক্ষুদ্র ব্যবসায়ী সমবায় সমিতি লি., নিবন্ধন নং-৯৪, তারিখ: ১৯/০৬/২০১৬, গ্রাম/মহল্লা- ঈশ্বরগঞ্জ, পো: ঈশ্বরগঞ্জ, উপজেলাঃ ঈশ্বরগঞ্জ, জেলাঃ ময়মনসিংহ এর কার্যক্রম কমপক্ষে বিগত ০১ (এক) বৎসর যাবৎ বন্ধ রয়েছে এবং সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত আইন ২০০২ ও ২০১৩) এবং সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ (সংশোধন ২০২০) বা উক্ত সমবায় সমিতির উপ-আইনে উল্লিখিত নিবন্ধনের শর্তাবলী পালনে সম্পূর্ণরূপে ব্যর্থ হয়েছে বিধায় সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত আইন ২০০২ ও ২০১৩) এর ৫৩(ঙ)(চ) ধারা মোতাবেক নিবন্ধন কেন বাতিল করা হবেনা তার সন্তোষজনক জবাব চেয়ে জেলা সমবায় অফিসার, ময়মনসিংহ, এর স্মারক নং-৮০৫, তারিখ: ১৫/১০/২০২৩ খ্রি. মূলে ৩১/১০/২০২৩ খ্রি: তারিখের মধ্যে উপজেলা সমবায় কর্মকর্তা, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ এর মাধ্যমে জেলা সমবায় কর্মকর্তা, ময়মনসিংহ বরাবর জবাব দাখিল করার জন্য বলা হলেও সমিতি কর্তৃপক্ষ নির্দিষ্ট সময়ের মধ্যে জবাব দাখিল করতে ব্যর্থ হয়েছে। এমতাবস্থায় সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত আইন ২০০২ ও ২০১৩) এর ৫৩(ঙ)(চ) ধারা মোতাবেক সমিতিটির নিবন্ধন আদেশ বাতিল করা হলো এবং এই নিবন্ধন বাতিল আদেশটি পত্রজারীর তারিখ হতে কার্যকর হবে।

সভাপতি/সম্পাদক

বিজনেস কেয়ার ক্ষুদ্র ব্যবসায়ী ব্যবসায়ী সমবায় সমিতি লি:
গ্রাম/মহল্লা- ঈশ্বরগঞ্জ, পোঃ ঈশ্বরগঞ্জ,
উপজেলাঃ ঈশ্বরগঞ্জ, জেলা: ময়মনসিংহ।

মোহাম্মদ রবিন ইসলাম
জেলা সমবায় কর্মকর্তা
ময়মনসিংহ।

ফোন: ০২৯৯৬৬-৬৬৫২৭।

dco.mymensingh@coop.gov.bd

Mar
26/01/2024

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। উপজেলা সমবায় কর্মকর্তা, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ। (তাকে এই নিবন্ধন বাতিলের আদেশটি সংশ্লিষ্ট সমিতিতে প্রাপ্তি নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো)।
- ২। অফিসকপি।